১৮০ কোটি টাকায় নতুন স্পিনিং ইউনিট স্থাপন করবে সিমটেক্স

বিদ্যমান কারখানার কাঁচামালের চাহিদা পূরণে নতুন একটি স্পিনিং ইউনিট স্থাপন করবে সিমটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড। স্পিনিং ইউনিটের উৎপাদিত সুতা থেকে বিভিন্ন ধরনের কাপড় উৎপাদন করা হবে। সব মিলিয়ে এ প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ১৮০ কোটি টাকা। স্থানীয় ব্যাংকের পাশাপাশি বিদেশী ঋণ ও কোম্পানির নিজস্ব অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছে কোম্পানির পর্ষদ। ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) তথ্য অনুযায়ী, নতুন স্পিনিং ইউনিটে উন্নত মানের স্পান পলিস্টার সুইং থ্রেড উৎপাদনের জন্য ২৬ হাজার স্পিন্ডল স্থাপন করা হবে। এ ইউনিটে প্রতিদিন গড়ে ১৫ মেট্রিক টন সুইং থ্রেড উৎপাদিত হবে। এতে কোম্পানিটির প্রয়োজনীয় কাঁচামালের ৭৫ শতাংশ চাহিদা পূরণ হবে। জানতে চাইলে সিমটেক্স ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক মো. সিদ্দিকুর রহমান বণিক বার্তাকে বলেন, বর্তমানে আমাদের বিভিন্ন উৎস থেকে সুতা আমদানি করতে হয়। এতে সবসময় সুতার মান এক রকম থাকে না। তাছাড়া কারখানায় কাঁচামাল হিসেবে বিপুল পরিমাণ সুতা স্টক হিসেবে রাখার কারণে ব্যয়ও বেশি হচ্ছে। এ কারণে আমরা কাঁচামালের চাহিদা পূরণে ব্যাকওয়ার্ড লিংকেজ হিসেবে স্পিনিং ইউনিট স্থাপনের সিদ্ধান্ত নিয়েছি। এতে উন্নত মানের সুতা উৎপাদনের পাশাপাশি কোম্পানির ব্যয় সাশ্রয় হবে।http://bonikbarta.net

ইফাদ অটোসের লভ্যাংশ নির্ধারণী সভা ২৯ সেপ্টেম্বর

পুঁজিবাজারে তালিকাভুক্ত ইফাদ অটোস লিমিটেডের লভ্যাংশ নির্ধারণী সভা ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। সভায় ৩০ জুন ২০১৮ সমাপ্ত হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে। এদিকে, চলতি হিসাব বছরের প্রথম তিন প্রান্তিকে (জুলাই ২০১৭-মার্চ ২০১৮) ইফাদ অটোসের শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৫ টাকা ৪০ পয়সা, আগের বছর একই সময়ে যা ছিল ৩ টাকা ৬১ পয়সা। ৩১ মার্চ কোম্পানিটির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়িয়েছে ৩৬ টাকা ৭৪ পয়সায়। এর আগে ৩০ জুন সমাপ্ত ২০১৭ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে ২১ শতাংশ নগদ ও ৫ শতাংশ স্টক লভ্যাংশ দিয়েছে ইফাদ অটোস। যদিও উদ্যোক্তা-পরিচালকরা নগদ লভ্যাংশ গ্রহণ করেননি। সর্বশেষ হিসাব বছরে কোম্পানিটির ইপিএস হয়েছে ৬ টাকা ৭৪ পয়সা। ৩০ জুন কোম্পানির এনএভিপিএস ছিল ৩৮ টাকা ৬১ পয়সায়। ২০১৬ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরের জন্য ১৩ শতাংশ নগদ ও ৪ শতাংশ স্টক লভ্যাংশ দেয় ইফাদ অটোস। সে হিসাব বছরে ইপিএস ছিল ৩ টাকা ৯৮ পয়সা। ২০১৫ হিসাব বছরে ৭ শতাংশ নগদ ও ৩০ শতাংশ স্টক লভ্যাংশ পান কোম্পানিটির শেয়ারহোল্ডাররা।http://bonikbarta.net

হস্তান্তরিত মিলগুলো সুষ্ঠু পরিচালনায় সরকারের সহায়তা কামনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় ২০০১ সালের ২১ মার্চ শ্রমিক-কর্মচারীদের ব্যবস্থাপনায় হস্তান্তরিত বস্ত্রকলগুলো সুষ্ঠু পরিচালনার জন্য সরকারের সহায়তা চেয়েছেন মিলগুলোর সমন্বয় পরিষদের নেতারা। গতকাল শিল্পমন্ত্রীর সঙ্গে বৈঠকে এ আহ্বান জানান তারা।

বৈঠকে নেতারা বলেন, উন্নত ব্যবস্থাপনার জন্য ২০০১ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় নয়টি বস্ত্রকল শ্রমিক-কর্মচারীদের মালিকানায় হস্তান্তর করা হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে সরকারের আমলে বিমাতাসুলভ আচরণের কারণে এগুলো ধীরে ধীরে অলাভজনক ও রুগ্ণ শিল্পে পরিণত হয়। বৈঠকে হস্তান্তরিত বস্ত্রকলগুলোয় বিদ্যমান সমস্যা ও সেগুলো সমাধানের উপায় নিয়ে আলোচনা হয়। এ সময় পরিষদের নেতারা বলেন, সুষ্ঠু পরিচালনার স্বার্থে শ্রমিক-কর্মচারীদের পক্ষ থেকে মিলগুলোকে বিএমআরই ও ব্যাংকঋণ প্রদানের প্রস্তাব দেয়া হলেও বিএনপি সরকারের আমলে তা প্রত্যাখ্যাত হয়েছে। ফলে বস্ত্রকলগুলো ধীরে ধীরে লোকসানি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। তারা মিলগুলো সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ২০১৪ সালের অক্টোবরে বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রধানমন্ত্রীর দেয়া নির্দেশনা দ্রুত বাস্তবায়নের দাবি জানান।http://bonikbarta.net

এসডিজি নিয়ে আন্তর্জাতিক সম্মেলন করবে আইসিএমএবি

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) নিয়ে প্রথমবারের মতো আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করতে যাচ্ছে ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি)। ২৩ সেপ্টেম্বর রোববার রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে দেশী সরকারি-বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী, আন্তর্জাতিক সংস্থা, বিদেশী দূতাবাস এবং স্থানীয় ও বহুজাতিক করপোরেট প্রতিষ্ঠানগুলোর প্রায় ৪০০ প্রতিনিধি অংশ নেবেন। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সম্মেলনটি উদ্বোধন করবেন। এ উপলক্ষে গতকাল এক সংবাদ সম্মেলনের আয়োজন করে আইসিএমএবি। এতে সংগঠনটির সভাপতি মোহাম্মদ সেলিম, নির্বাহী পরিচালক মো. মাহ্বুব উল আলম ও পরিচালক নাজমুছ সালেহীন উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

এশিয়ায় ব্যবসা প্রতিষ্ঠানের আস্থা তিন বছরের সর্বনিম্নে

চীন থেকে আমদানি করা ২০ হাজার কোটি ডলারের পণ্যে নতুন করে শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। জবাবে চীনও যুক্তরাষ্ট্রের ৬ হাজার কোটি ডলার সমমূল্যের পণ্যে অতিরিক্ত শুল্ক নির্ধারণ করেছে। বিশ্বের বৃহত্তম দুই অর্থনীতির এ পাল্টাপাল্টি শুল্কারোপ বাণিজ্যযুদ্ধের শঙ্কা আরো জোরদার করে তুলেছে। অবশ্যম্ভাবী বাণিজ্যযুদ্ধের আশঙ্কায় ব্যবসা নিয়ে উদ্বিগ্ন বিভিন্ন কোম্পানি, যার প্রভাবে চলতি বছরের তৃতীয় প্রান্তিকে এশিয়ার ব্যবসা প্রতিষ্ঠানগুলোর আস্থা প্রায় তিন বছরের সর্বনিম্নে নেমেছে। খবর রয়টার্স, এএফপি ও ফিন্যান্সিয়াল টাইমস।http://bonikbarta.net

খরায় বিপর্যস্ত শ্রীলংকার চা উৎপাদন খাত

চা উৎপাদন ও রফতানির জন্য শ্রীলংকার খ্যাতি বিশ্বজোড়া। চলতি বছর তীব্র খরার মুখে পড়েছে দেশটির চা বাগানগুলো। খরার কারণে বছরের প্রথম আট মাসে (জানুয়ারি-আগস্ট) শ্রীলংকায় চা উৎপাদন আগের বছরের একই সময়ের তুলনায় ১ দশমিক ৫ শতাংশ কমেছে। এ কারণে বছর শেষে দেশটিতে পানীয় পণ্যটির উৎপাদনের লক্ষ্য পূরণ নিয়ে খাতসংশ্লিষ্টদের মধ্যে সংশয় দেখা দিয়েছে। একই সঙ্গে ইরানের ওপর নতুন করে মার্কিন নিষেধাজ্ঞার কারণে দেশটিতে শ্রীলংকান চা রফতানি বন্ধ হয়ে যেতে পারে। সব মিলিয়ে উৎপাদন ও রফতানি কমার আশঙ্কায় কঠিন সময় পার করছে শ্রীলংকার চা শিল্প। খবর রয়টার্স ও মিরর বিজনেস।http://bonikbarta.net